

শাবিপ্রবিতে সংঘবন্ধ ধর্ষণের ঘটনায় তদন্ত কমিটি গঠন

নিজস্ব প্রতিবেদক, সিলেট



ছবি : সংগ্রহীত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের

(শাবিপ্রবি) ছাত্রীকে অচেতন করে ধর্ষণের ঘটনায়

তিনি সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে

বিশ্ববিদ্যালয় প্রশাসন। শুক্রবার (২০ জুন)

বিকেলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার সৈয়দ ছলিম

মোহাম্মদ আব্দুল কাদির স্বাক্ষরিত এক অফিস

আদেশে এ তথ্য জানানো হয়।

বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অধ্যাপক মোখলেছুর

রহমানকে এ কমিটির আহ্বায়ক করা হয়েছে।

কমিটির অন্য সদস্যরা হলেন সহকারী প্রষ্টর

অধ্যাপক ড. মুহাম্মদ সাইফুল ইসলাম ও

অধ্যাপক মো. বেলাল হোসেন শিকদার।

আগামী তিন কার্যদিবসের মধ্যে কমিটিকে
প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ।



শাবিপ্রবি ছাত্রীকে দলবন্ধ ধর্ষণ-ভিডিও ধারণ, ছাত্রলীগ
নেতাসহ গ্রেপ্তার ২

য সুরমা আবাসিক এলাকায় একটি মেসে ডেকে নিয়ে বিশ্ববিদ্যালয়ের
তন করে সংঘবন্ধ ধর্ষণ করার অভিযোগ উঠেছে সমাজবিজ্ঞান
বর্ষের শিক্ষার্থী শান্ত তারা আদনান ও স্বাগত দাশ পার্থের বিরুদ্ধে। পরে
অজান্তে ভিডিও ধারণ করে এবং তা প্রকাশের হুমকি দিয়ে বিষয়টি
ধ্য করেন বলে জানা যায়।

এ ঘটনায় গত ১৯ জুন বিশ্ববিদ্যালয় প্রষ্টর বরাবর
লিখিত অভিযোগ দেন ভুক্তভোগী ছাত্রী।

অভিযোগের পর বিশ্ববিদ্যালয় প্রশাসনের
সহায়তায় ডিজিটাল ট্রাকিং পদ্ধতিতে শান্ত তারা
আদনান ও স্বাগত দাশ পার্থকে আটক করে
পুলিশ। তাদের একজনকে ক্যাম্পাস থেকে এবং
আরেকজনকে সুরমা আবাসিক এলাকা থেকে
আটক করা হয়। আটকদের মধ্যে আদনান
ছাত্রলীগের সক্রিয় কর্মী ছিলেন এবং
বৈশম্যবিরোধী আন্দোলনের সময় হামলার ঘটনায়
দায়ের করা একটি মামলার আসামিও তিনি।

আটকের পর প্রষ্টের অফিসে তাদের জিজ্ঞাসাবাদে

ঘটনার প্রাথমিক সত্যতা পেয়েছে বিশ্ববিদ্যালয়

প্রশাসন ও পুলিশ।